



Ministry of Shipping
Department Of Shipping
MARINE CADET ADMISSION TEST
Admission Session: 2024-2025



তারিখ: ১০/১২/২০২৪ খ্রি.

সমন্বিত মেরিন ক্যাডেট ভর্তি পরীক্ষা ২০২৪-২৫ এর শারীরিক পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি

(ক) মেরিন ক্যাডেট ভর্তি পরীক্ষা ২০২৪-২৫ এর লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের শারীরিক পরীক্ষা (ওজন/উচ্চতা, পুশ-আপ, রোপ আরোহণ, দৌড় ও সাঁতার) আগামী ১৪ ডিসেম্বর তারিখ সুলতানা কামাল মহিলা ক্রীড়া কমপ্লেক্স, সড়ক নং - ১১, ধানমন্ডি, ঢাকা - ১২০৫ এ নিম্নের গ্রুপ বিভাজন অনুযায়ী অনুষ্ঠিত হবে। প্রার্থীদেরকে গ্রুপ বিভাজন অনুযায়ী নির্ধারিত সময়ের ৩০ মিনিট পূর্বে প্রধান ফটকে উপস্থিত থাকতে হবে।

(খ) আগামী ১৪ ডিসেম্বর ২০২৪ খ্রি. তারিখে সকাল ৮.০০ ঘটিকার মধ্যে গ্রুপ A এর প্রার্থীগণ প্রধান ফটক দিয়ে আবশ্যিকভাবে সুলতানা কামাল মহিলা ক্রীড়া কমপ্লেক্স এ বরাদ্দকৃত আসন গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

(গ) পুরুষ প্রার্থীরা যেন দৌড় ও সাঁতার একই পোষাকে সম্পন্ন করতে পারে সেই ধরনের উপযোগী পোষাক পড়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো। পোষাক পরিবর্তনের কোনো ব্যবস্থা নেই। শারীরিক পরীক্ষায় শারীরিক সক্ষমতা যাচাই করা হবে বিধায় যে কোনো দুর্ঘটনার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(ঘ) মহিলা প্রার্থীদের দৌড় ও সাঁতার ০২.০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। তাঁরা উক্ত পরীক্ষা দুইটির জন্য উপযুক্ত পোষাক পড়তে ও পরিবর্তন করতে পারবেন।

(ঙ) শারীরিক পরীক্ষা কেন্দ্রে শুধুমাত্র পরীক্ষার্থীগণ প্রবেশ করবেন। অভিভাবকগণ কেন্দ্রে প্রবেশ করবেন না।

(চ) শারীরিক পরীক্ষায় অকৃতকার্যদের আপীল গ্রহণ ও শুনানী তাৎক্ষণিকভাবে মাঠেই নিষ্পত্তি করা হবে। সুতরাং যারা শারীরিক পরীক্ষায় অকৃতকার্য হবে তাদের অনুমতি ব্যতীত মাঠ ত্যাগ না করতে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, শারীরিক পরীক্ষা অন্য কোন তারিখে গ্রহণ করা হবে না। পরীক্ষার্থীর জন্য নির্ধারিত দিনের পরে তাঁর পরীক্ষা গ্রহণ সম্ভব হবে না বিধায় প্রার্থী অনুপস্থিত মর্মে গণ্য হবে।

(ছ) শারীরিক পরীক্ষায় অংশগ্রহণকারীদের বিভাজন নিম্নরূপঃ

ক্রঃ	সময়	গ্রুপ	রোল শুরু	রোল শেষ	লিঙ্গ	প্রার্থীর সংখ্যা
১	০৮:৩০ - ০৯:৩০	A	০০০০২	০০৮৪৩	পুরুষ	৩৩০
২	০৯:৩০ - ১০:৩০	B	০০৮৪৪	০১৭৬৬	পুরুষ	৩৩০
৩	১০:৩০ - ১১:৩০	C	০১৭৭২	০২৬১৯	পুরুষ	৩৩০
৪	১১:৩০ - ১২:৩০	D	০২৬৩১	০৩৫২৮	পুরুষ	৩৩০

৫	১২:৩০ – ০১:৩০	E	০৩৫২৯	০৪১৬৯	পুরুষ	২১৪
৬	০২:০০ – ০৩:০০	F	০০৩৪৭	০৪০৭২	নারী+ অন্য ভর্তি পরীক্ষার কারণে দেরিতে আসা প্রার্থী	৪৯+
সর্বমোট						১৫৮৩

(জ) অন্য কোন প্রতিষ্ঠানে ভর্তি পরীক্ষার কারণে যারা নির্ধারিত সময়ে উপস্থিত হতে পারবেন না তারা বিকাল ৩.০০ টার মধ্যে এসে প্রমাণক প্রদর্শন সাপেক্ষে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

(ঝ) doscadet.solutionart.net ওয়েবসাইট এ আপনার user id (mobile number) এবং password দিয়ে লগইন করে স্ব স্ব শারীরিক পরীক্ষার শীট download করে অবশ্যই সাথে নিয়ে আসতে হবে।



(ক্যাপ্টেন আবু সাঈদ মোহাম্মদ দেলোয়ার রহমান)

নটিক্যাল সার্ভেয়ার এন্ড এক্সামিনার

ও

সদস্য সচিব, সমন্বিত মেরিন ক্যাডেট

ভর্তি পরীক্ষা পরিচালনা কমিটি